

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৮৪

পানিসাগর, ২৯ জুন, ২০২৪

প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরী

পানিসাগর নগর পঞ্চায়েতে ৮৯ পরিবারকে পাকা আবাস

প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরী প্রকল্পে চলতি অর্থবছরে পানিসাগর নগর পঞ্চায়েত এলাকার ৮৯ পরিবারকে পাকা আবাস নির্মাণের মঙ্গুরী দেওয়া হয়েছে। গতকাল পানিসাগর টাউনহলে এক অনুষ্ঠানে সুবিধাভোগী পরিবারগুলির হাতে পাকা আবাস নির্মাণের মঙ্গুরীপত্র তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন বিধায়ক বিনয়ভূষণ দাস, নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা সেন, ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, নগর পঞ্চায়েতের উপকার্যনির্বাহী আধিকারিক প্রদীপ কুমার সরকার, সহকারি বাস্তুকার প্রবেশ সেন প্রমুখ। অতিথিগন মঙ্গুরীপত্রগুলি সুবিধাভোগীদের হাতে তুলে দেন। নগর পঞ্চায়েতের ১৩টি ওয়ার্ডের ৮৯টি পরিবারকে এই সহায়তা দেওয়া হয়। প্রতিটি আবাস নির্মাণে ব্যয় হবে ১ লক্ষ ৬৬ হাজার ৬৬৬ টাকা।

\*\*\*\*\*